বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা
www.bomd.gov.bd

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২১-২২ বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে জুন, ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ আবুল বাসার সিদ্দিক আকন, পরিচালক
তারিখ : ২১-০৬-২০২২ খ্রি.
সময় : দুপুর ০২.৩০ টা
স্থান : বিএমডির সভা কক্ষ
উপস্থিত সদস্য : পরিশিষ্ট-ক

২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত চতুর্থ সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। কমিটির সদস্য সচিব জনাব আজিজুল হক সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২১-২২ এর বিভিন্ন কর্মসম্পাদন সূচক সম্পর্কে আলোকপাত করেন। তিনি ২০২১-২০২২ অর্থবছরের বিএমডির ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির সার্বিক চিত্র তুলে ধরেন।

| ক্র. নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ১ | [১.১] উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | [১.১.১] একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত | বাস্তবায়িত (১০-০৩-২০২২ খ্রি.) |
| ২ | [১.২] সেবা সহজিকরণ | [১.২.১] একটি সেবা সহজিকৃত | বাস্তবায়িত (২২-০২-২০২২ খ্রি.) |
| ৩ | [১.৩] সেবা ডিজিটাইজেশন | [১.৩.১] ন্যূনতম একটি সেবা ডিজিটাইজকৃত | বাস্তবায়িত (৩০-১২-২০২১ খ্রি.) |
| ৪ | [১.৪] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা | [১.৪.১] সভা আয়োজিত | বাস্তবায়িত (২৯-০৮-২০২১ খ্রি.) |
| ৫ | [১.৫] ই-নথির ব্যবহার বৃদ্ধি | [১.৫.১] ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত | ৮০%+ |
| ৬ | [১.৬] ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন | [১.৬.১] সভা/কর্মশালা আয়োজিত | বাস্তবায়িত (০৪ টি) |
| ৭ | [২.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [২.১.১] তথ্য বাতায়নে সকল সেবা বক্স হালনাগাদকৃত | ৩য় ত্রৈমাসিক পর্যন্ত হালনাগাদকৃত |
| | | [২.১.২] বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশিত | বাস্তবায়িত (০৪ টি) |

| | | | |
|---|---|---|---|
| ৮ | [২.২] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [২.২.১] কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিত | বাস্তবায়িত (০৪ টি) |
| | | [২.২.২] ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়িত | ৯১.৩৪% |
| | | [২.২.৩] কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা আয়োজিত | বাস্তবায়িত (০৪ টি) |
| | | [২.২.৪] কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরিত | বাস্তবায়িত (১২-০১-২০২২ খ্রি.) |
| | | [২.২.৫] দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনকৃত | বাস্তবায়িত (১২-১২-২০২১ খ্রি.) |

বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

ক) আগামী ৩০-০৬-২০২২ তারিখের মধ্যে তথ্য বাতায়নের সকল সেবা বক্স হালনাগাদ করতে হবে;

খ) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২১-২২ বাস্তবায়ন সংক্রান্ত সকল প্রমাণক নির্ধারিত সময়ের মধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে।

২.০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

21.06.2022

মোঃ আবুল বাসার সিদ্দিক আকন
পরিচালক (যুগ্মসচিব)

স্মারক নং : ২৮.০৭.০০০০.০০৪.৩৭.০০১.১২(অংশ-৪).৬৮৬

তারিখ : ০৭ আষাঢ় ১৪২৯ / ২১ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
২। উপপরিচালক (খনি ও খনিজ) (চলতি দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
৩। সংশ্লিষ্ট নথি।

21.06.2022

আজিজুল হক
সহকারী পরিচালক (ভূ-রসায়ন)